

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৩৪২

৩১. ক্রয়-বিক্রয় অধ্যায় (>كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২৪. মজুতদারী এবং মুনাফাখোয়ীর অপেক্ষায় থাকা

بَابِ الْحُكْرَةِ وَالتَّرَبُّصِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ يُونُسَ بْنِ يُوسُفَ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ مَرَّ بِحَاطِبِ بْنِ أَبِي بَلْتَعَةَ وَهُوَ يَبِيعُ زَبِيبًا لَهُ بِالسُّوقِ فَقَالَ لَهُ عُمَرُ بْنُ الْخَطَّابِ إِمَّا أَنْ تَزِيدَ فِي السِّعْرِ وَإِمَّا أَنْ تُرْفَعَ مِنْ سُوقِنَا

বাংলা

রেওয়ায়ত ৫৮. সাঈদ ইবন মুসায়্যাব (রহঃ) হইতে বর্ণিত, উমর ইবন খাত্তাব (রাঃ) (একবার বাজারে) হাতিব ইবন আবি বালতায়া (রাঃ)-এর নিকট দিয়া পথ অতিক্রম করিতেছিলেন। তিনি [হাতিব (রাঃ)] বাজারে তাহার কিশমিশ বিক্রয় করিতেছিলেন। [বাজারদর হইতে সস্তা মূল্যে]। উমর (রাঃ) তাহাকে বলিলেনঃ হয়তো মূল্য বাডাইয়া বিক্রয় করুন, নচেৎ আমাদের বাজার হইতে পণ্য গুটাইয়া নিন।[1]

English

Yahya related to me from Malik from Yunus ibn Yusuf from Said ibn al-Musayyab that Umar ibn al-Khattab passed by Hatab ibn Abi Baltaa who was underselling some of his raisins in the market. Umar ibn al- Khattab said to him, "Either increase the price or leave our market."

ফুটনোট

[1] ইহাই এক সম্প্রদায়ের অভিমত। তাহারা বলেনঃ বাজারদরের কম মূল্যে বিক্রয় নিষিদ্ধ, ইহাতে অপরের ক্ষতি জড়িত আছে। ইবন রুশদ বলেন-ইহা ঠিক নহে। কম দামে বিক্রয় মন্দ কাজ নহে। উহা নিষিদ্ধ হওয়ার কোন যুক্তি নাই। উমর (রাঃ) কর্তৃক হাতিব ইবন আবি বালতায়া সাহাবীকে বাজারে অল্প্রদামে বিক্রয় করা হইতে বারণ রাখার নির্দেশ ছিল পরামর্শ স্বরূপ। জরুরী কোন নির্দেশ নহে। ইহাও বর্ণিত আছে যে, উমর (রাঃ) পরে হাতিবের গৃহে গিয়া তাহাকে গৃহে বা বাজারে যেখানে ইচ্ছা বিক্রয়ের অনুমতি দিয়াছিলেন। তিনি বলিয়াছেনঃ আমি



শহরবাসীদের মঙ্গলার্থে ইহা বলিয়াছি। ইহা জরুরী কোন হুকুম নহে। আপনি যেরূপ ইচ্ছা বিক্রয় করুন। — আওজাযুল মাসালিক।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন